

আত-তাকবীর | At-Takwir | التَّكْوِير

আয়াতঃ ৮১ : ৮

আরবি মূল আয়াত:

وَ إِذَا الْمَوْءِدَةُ سُئِلَتْ ﴿٨﴾

অনুবাদসমূহ:

আর যখন জীবন্ত কবরস্থ কন্যাকে জিজ্ঞাসা করা হবে। — আল-বায়ান

যখন জীবন্ত পুঁতে-ফেলা কন্যা-শিশুকে জিজ্ঞেস করা হবে, — তাইসিরুল

যখন জীবন্ত প্রোথিতা কন্যাকে জিজ্ঞেস করা হবে – — মুজিবুর রহমান

And when the girl [who was] buried alive is asked — Sahih International

৮. আর যখন জীবন্ত সমাধিস্থ কন্যাকে(১) জিজ্ঞেস করা হবে,

(১) الْمَوْءِدَةُ শব্দের অর্থ জীবন্ত প্রোথিত কন্যা। জাহেলিয়াত যুগের কোন কোন আরব গোত্র কন্যা সন্তানকে লজ্জাকর মনে করত এবং জীবন্তই মাটিতে প্রোথিত করে দিত। [ইবন কাসীর, কুরতুবী] পরবর্তীতে ইসলাম এই কুপ্রথার মূলোৎপাটন করে।

তাফসীরে জাকারিয়া

৮। যখন জীবন্ত-প্রোথিতা কন্যাকে জিজ্ঞেস করা হবে,

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5808>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন